গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
www.nationalsavings.gov.bd

বিষয়ঃ জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোসমূহ ও জেলা সঞ্চয় অফিস/ব্যুরোসমূহের অনুকূলে চলতি ২০২৬-২৭ অর্থবছরের বাজেট বন্টন ও ব্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ এস এম সফিউল আজম, মহাপরিচালক (রুটিন দায়িত্ব)<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা। |
| স্থান | : | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ০২-০৭-২০২৬ খ্রি. |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ঠ ক |

সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে সংযুক্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন ০৮ টি বিভাগীয় কার্যালয়, ৬৪ টি জেলা ও ১৩ টি বিশেষ ব্যুরোর কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি বলেন, বাজেট বন্টন ও ব্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত সভাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি ২০২৬-২৭ অর্থবছরের পরিচালন বাজেট বণ্টন/বিতরণের ক্ষেত্রে বিদ্যমান আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতি আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করার জন্য সহকারী পরিচালক (বাজেট)-কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (বাজেট) আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচির বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) আলোচ্যসূচি:

<table>
<tr><th>ক্র/নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>৩১-কর্মচারীদের প্রতিদান খাতের অধীন উপখাতে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট বন্টন।</td><td>জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জাতীয় বিশেষ ব্যুরোসমূহ ও জেলা সঞ্চয় অফিস/ব্যুরোসমূহের চাহিদা পর্যালোচনা করে ৩১-কর্মচারীদের প্রতিদান খাতের অধীন উপখাতে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট বন্টন/বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী পরিচালক (বাজেট) ও উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা)</td><td rowspan="2">নিয়মিত মহাপরিচালক যোগদান করলে তাঁর সম্মতিতে কার্যক্রম সম্পাদিত হবে।</td></tr>
<tr><td>০২</td><td>৩২-পণ্য ও সেবার ব্যবহার ও ৪১-অআর্থিক সম্পদ খাতের অধীন উপখাতে বাজেট বণ্টন</td><td>৩২-পণ্য ও সেবার ব্যবহার এবং ৪১-অ-আর্থিক সম্পদ খাতের অধীন অর্থনৈতিক কোডসমূহে বাজেট বণ্টনের পদ্ধতির বিষয়ে আওতাধীন দপ্তরসমূহের উপপরিচালকদের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অর্জিত বিনিয়োগের উপর ভিত্তি করে বিদ্যমান চারটি (A, B, C & D) ক্যাটাগরির পরিবর্তে জেলা ভিত্তিক জেলা সঞ্চয় অফিস/ব্যুরো এবং জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোসমূহকে দুইটি (A & B) ক্যাটাগরিতে শ্রেণিবিন্যাস করে বাজেট বণ্টনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী পরিচালক (বাজেট) ও উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা)</td></tr>
</table>

চলমান পাতা-০২

| ক্র/নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৩ | বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন | জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তরে ২০২৬-২৭ অর্থবছরের জন্য সরকারি ক্রয় বিধিমালা অনুসরণপূর্বক বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়ন ও যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট অফিস প্রধানগণ | |
| ০৪ | নতুন অর্থনৈতিক কোড সৃজন | (ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহে ৮৫ (পঁচাশি) জন পরিচ্ছন্নতাকর্মীর সেবা গ্রহণের অনুমোদন প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে সেবামূল্য পরিশোধের জন্য ৩২১১১৩১-আউটসোর্সিং অর্থনৈতিক কোড সৃজন এবং পুনঃউপযোজনের মাধ্যমে প্রয়োজনীয় বরাদ্দ সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়ের অফিস প্রধানদের নিকট কোড সৃজনসহ পুনঃউপযোজনের নিমিত্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) জাতীয় তথ্য বাতায়ন সিস্টেম পরিচালনাজনিত ব্যয় নির্বাহের জন্য ৩২৫৭৩০৬-ডেটা সংরক্ষণ ব্যয় অর্থনৈতিক কোডে প্রয়োজনীয় বরাদ্দ সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। প্রধান কার্যালয়ে উক্ত কোড ইতোমধ্যে সৃজিত হয়েছে। বিভাগীয় কার্যালয়সমূহে অর্থনৈতিক কোড সৃজন এবং পুনঃউপযোজনের মাধ্যমে প্রয়োজনীয় বরাদ্দ সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট উপপরিচালকগণকে এ দপ্তরে পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট অফিস প্রধানগণ | নিয়মিত মহাপরিচালক যোগদান করলে তাঁর সম্মতিতে কার্যক্রম সম্পাদিত হবে। |
| ০৫ | '**' যুক্ত অফিস ভবন ভাড়া উপখাতের বরাদ্দ কার্যকরকরণ | জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়সমূহের ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে ৩২১১১২৯-অফিস ভবন ভাড়া খাতে বরাদ্দকৃত অর্থের পূর্বে '**' চিহ্ন সংযুক্ত রয়েছে। অর্থ বিভাগের বিদ্যমান বিধান অনুযায়ী এ ধরণের বরাদ্দের বিস্তারিত বিভাজন ও কার্যকরকরণের পূর্বে অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ আবশ্যক। যেহেতু সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়সমূহ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ছাড়পত্রের ভিত্তিতে ভাড়াকৃত বেসরকারি ভবনে কার্যক্রম পরিচালনা করছে, সেহেতু প্রয়োজনীয় পূর্বানুমোদন গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট উপপরিচালকগণকে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত ও | সংশ্লিষ্ট অফিস প্রধানগণ | |

চলমান পাতা-০৩

০২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
এ এস এম সফিউল আজম
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ফোন: +৮৮-০২-৪১০৫০৫০৩৮
**ই-মেইল:** dg.nsd.bd@gmail.com

নম্বর: ০৮.০৪.০০০০.০০০.০০৯.০৬.০০১০.২৬. ২৫১৮

তারিখঃ ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০২। সিস্টেম এনালিস্ট, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৩। উপপরিচালক (সকল), জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ……………..।
০৪। উপপরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৫। সহকারী পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৬। সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার (সকল), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো ও জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো,………।
০৭। সহকারী প্রোগ্রামার (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৮। সঞ্চয় অফিসার (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক (রুটিন দায়িত্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য];
০২। অফিস কপি।

০৬/০৭/২০২৬
(শাকিলা আবেদীন)
সহকারী পরিচালক (বাজেট ও পরিকল্পনা)